দৈনিক বাংলা

তারিখ ... ... ৮।১০।৭৪ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ৪ ... ...

128

# সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির কর্মবিরতি

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি তাদের সাত দফা দাবী আদায়ের জন্য বুধবার থেকে কর্মবিরতি পালন শুরু করেছেন। সমিতির সাধারণ সম্পাদক মীর আব দুল বাতেন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানান।

**সেক্টর কর্পোরেশন কর্মচারী**

বাংলাদেশ সেক্টর কর্পোরেশন কর্মচারী পরিষদের কর্মকর্তারা বলেছেন, ১৫ই অক্টোবরের মধ্যে তাঁদের দাবী মেনে না নেয়া হলে ১৬ই অক্টোবর হতে তারা পূর্ণ কর্মবিরতি পালন করবেন। আজ হতে ১৫ই অক্টোবর পর্যন্ত প্রত্যহ সকাল সাড়ে ৭টা হতে বেলা ১২টা পর্যন্ত সাড়ে ৪ ঘন্টা কর্মবিরতি পালন করবেন।

বুধবার সকালে সেক্টর কর্পোরেশন কর্মচারীদের এক সমাবেশে তাঁরা এই কর্মসূচী নেন।

সভায় সভাপতিত্ব করেন পরিষদের আহবায়ক জনাব বেলায়েত হোসেন মজুমদার।

**ইসলামিক ফাউন্ডেশন কর্মচারী**

কর্মচারীদের বেতন বৈষম্য দূরীকরণের দাবীতে ইসলামিক/ফাউন্ডেশন কর্মচারী সমিতির কার্যকরী পরিষদের এক সভা বুধবার সমিতির সভাপতি শেখ ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।